



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
(বৈদেশিক সংগ্রহ শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mofood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০৪৪.৯৯.০০২.২০.১৯৯

তারিখ: ১৩ পৌষ ১৪২৭

২৮ ডিসেম্বর ২০২০

বিষয়: চালের বাজার মূল্য স্থিতিশীল রাখার লক্ষ্যে আমদানীকৃত চালের শুল্ক হ্রাস।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চালের বাজারমূল্য স্থিতিশীল রাখার নিমিত্ত বর্তমান শুল্ক হার ৬২.৫% এর স্থলে ২৫% নির্ধারণপূর্বক নিম্নোক্ত শর্তাধীনে বেসরকারী পর্যায়ে চাল আমদানির অনুমতি প্রদানের জন্য গত ২৩/১২/২০২০ খ্রি. তারিখের ১৩৩ নং স্মারকে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে সার-সংক্ষেপ প্রেরণ করা হয়:

(ক) শুধুমাত্র সাময়িক সময়ের জন্য হ্রাসকৃত শুল্কহার প্রযোজ্য হবে;

(খ) খাদ্য মন্ত্রণালয়ের লিখিত অনুমোদন ব্যতীত চাল আমদানি করা যাবে না।

২। এমতাবস্থায়, বর্ণিত সার-সংক্ষেপটি মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সানুগ্রহ অনুমোদিত হওয়ায় বেসরকারী পর্যায়ে চাল আমদানীর লক্ষ্যে বর্তমান শুল্ক হার ৬২.৫% এর স্থলে ২৫% নির্ধারণপূর্বক প্রজ্ঞাপন জারীর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮-১২-২০২০

শারমিন ইয়াসমিন

সিনিয়র সহকারী সচিব (বৈদেশিক সংগ্রহ) (রুটিন
দায়িত্ব)

ফোন: ৮৮-০২-৯৫৪৯৩৮

ইমেইল: sasep@mofood.gov.bd

বিতরণ :

১) সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

২) চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০৪৪.৯৯.০০২.২০.১৯৯/১(৬)

তারিখ: ১৩ পৌষ ১৪২৭

২৮ ডিসেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ


২) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

৩) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর

৪) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)

৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৬) প্রোগ্রামার, আইসিটি সেল, খাদ্য মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)



২৮-১২-২০২০

শারমিন ইয়াসমিন

সিনিয়র সহকারী সচিব (বৈদেশিক সংগ্রহ)

(রুটিন দায়িত্ব)